দৈনিক সংবাদ

০৬ ... ২০০২

# কানাডায় অভিবাসী ইচ্ছুকদের সহায়তা দেবে ইয়াং ওয়াং অ্যাসোসিয়েটস

নিজস্ব বার্তা পরিবেশক : নতুন অভিবাসন আইনে কানাডায় অভিবাসী হওয়ার ক্ষেত্রে ইচ্ছুক বাংলাদেশী নাগরিকদের সব ধরনের সহায়তা দিচ্ছে ইয়াং ওয়াং অ্যান্ড অ্যাসোসিয়েটস সাউথ ইস্ট ইন্টারন্যাশনাল : ৭ই জুলাই বিকেল ৪টায় ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটে এ উপলক্ষে এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে বিস্তারিত তথ্য তুলে ধরার জন্য সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনার সবার জন্য উন্মুক্ত থাকবে। বুধবার স্থানীয় একটি হোটেলে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রতিষ্ঠানের কর্মকর্তারা এ তথ্য দেন। কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের চেয়ারম্যান শাহ জহির আহমেদ এবং কানাডার ইমিগ্রেশন আইন বিশেষজ্ঞ ইয়াং ওয়াং। তারা দু'জনেই সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

সংবাদ সম্মেলনে কর্মকর্তারা বলেন, নতুন আইনে বাংলাদেশ থেকে কানাডায় অভিবাসনের জন্য সাধারণ শ্রেণীতে আবেদনকারী প্রার্থীর জন্য সাময়িক সমস্যা হলেও কারিগরি কাজে দক্ষ কর্মীদের জন্য নতুন সুযোগ সৃষ্টি হয়েছে। কম্পিউটার সম্পর্কিত দক্ষ ব্যক্তিরা সংশ্লিষ্ট দেশগুলোতে আবেদন করতে পারেন। এছাড়া প্রকৌশলী, অ্যাকাউন্ট্যান্ট, লাইব্রেরিয়ান, ফার্মাসিস্ট, সাংবাদিক, পুষ্টিবিদ, চিকিৎসক, প্রযুক্তিবিদ, পশু চিকিৎসকসহ বিভিন্ন দক্ষ ব্যক্তিদের আবেদনের সুযোগ রয়েছে। অভিবাসনে ইচ্ছুক ব্যক্তিদের বয়স, শিক্ষা, কর্ম অভিজ্ঞতার ভিত্তিতে সাক্ষাৎকার দিতে হয়, সেখানে পয়েন্টের ভিত্তিতে যোগ্যতা নিরূপিত হয়। নতুন আইনে পয়েন্টগুলো পুনর্নির্ধারণ করা হয়েছে।

নিজেদের প্রতিষ্ঠান সম্পর্কে কর্মকর্তারা জানান, এ প্রতিষ্ঠানে ভিসা হওয়ার আগে কন্সালট্যান্সি বাবদ কোন প্রকার ফি নেয়া হয় না। এ প্রতিষ্ঠানের মাধ্যমে কানাডায় কেউ অভিবাসী হলে কানাডায় অবস্থিত টরেন্টো অফিস থেকে সব ধরনের সহযোগিতা দেয়া হয়। এ প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ১০/২৮, তাজমহল রোড, মোহাম্মদপুর, ঢাকা। ফোন- ৯১২৯৬৬৬, ৯১৩২০৮১ এবং ৮১২০৬৯৭।